

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮ ৪৮

আগরতলা, ১ আগস্ট, ২০২৪

ত্রিপুরা স্পোর্টস স্কুলের রৌপ্য জয়ন্তী বর্ষ উদযাপন

ত্রিপুরা স্পোর্টস স্কুলের রৌপ্য জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষে আজ বিদ্যালয় প্রাঙ্গণেই এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। তাছাড়া উপস্থিত ছিলেন বিধায়ক মিনা রাণী সরকার, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, ত্রিপুরা স্পোর্টস স্কুলের সচিব সুকান্ত ঘোষ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম সচিব পাইমং মগ, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার প্রমুখ। উল্লেখ্য, ২০০১ সালে ২৫ জন ছাত্রছাত্রী নিয়ে এই বিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছিল। বর্তমানে বিদ্যালয়ে প্রায় দুই শতাধিক ছাত্রছাত্রী রয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মেয়র দীপক মজুমদার বলেন, বর্তমান সরকার রাজ্যের স্বাস্থ্য, শিক্ষা, পর্যটন ও ক্রীড়া পরিকাঠামোর সামগ্রিক উন্নয়নে কাজ করছে। ত্রিপুরা স্পোর্টস স্কুল ছাত্রছাত্রীদের পুঁথিগত বিদ্যা প্রদানের পাশাপাশি প্রতিভাবান ক্রীড়াবিদ তৈরিতে বিশেষ ভূমিকা পালন করছে। এই বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা রাজ্য থেকে আন্তর্জাতিকস্তর পর্যন্ত বিভিন্ন পর্যায়ে বিভিন্ন ক্রীড়া বিভাগে রাজ্যের নাম উজ্জ্বল করেছে। মেয়র আশা প্রকাশ করেন, আগামীদিনেও ক্রীড়াক্ষেত্রে এখানকার ছাত্রছাত্রীরা রাজ্যের মুখ বিশ্বের দরবারে তুলে ধরবে। অনুষ্ঠানে পদ্মশ্রী দীপা কর্মকারকে ত্রিপুরা স্পোর্টস স্কুলের পক্ষ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রীদেরও সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অতিথিগণ বিদ্যালয়ের রৌপ্য জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন।
